MAY 1 9 2002

যুগান্তর

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতি নেতাদের অনশন কর্মসূচি প্রত্যাহার

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ তাদের দাবি পূরণে স্থানীয় সরকারমন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়ার আশ্বাসের পরিপ্রেক্ষিতে গতকাল অনশন কর্মসূচি প্রত্যাহার করে নিয়েছেন।

চাকরি জাতীয়করণসহ পাঁচ দফা দাবি আদায়ের লক্ষ্যে নেতৃবৃন্দ গতকাল সকাল ৯টায় কেন্দ্রীয় শহীদ মিনারে অনশন কর্মসূচি শুরু করেন। স্থানীয় সরকারমন্ত্রী সন্ধ্যায় শহীদ মিনারে গিয়ে শিক্ষকদের অনশন ভঙ্গ করান এবং আলোচনার মাধ্যমে সব সমস্যা সমাধানের আশ্বাস দেন। রাতে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ স্থানীয় সরকারমন্ত্রীর বাসভবনে গিয়ে মন্ত্রীর সঙ্গে আলোচনায় বসেন। মন্ত্রী শিক্ষকদের দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করে বলেন, প্রধানমন্ত্রী দেশে ফিরে এলে আলোচনার ভিত্তিতে সমস্যার সমাধান করা হবে। আলোচনায় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন জহিরুল ইসলাম ও মহাসচিব গোলাম মাসুদ।